

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৬৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. প্রথম অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

بَابُ السُّنَن وَقَضَائِلِهَا

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «صلوا قبل صلاة المغرب رَكْعَتَيْنِ». قَالَ فِي الثَّالِثَةِ: «لِمَنْ شاءَ». كَرَاهِيَةَ أَنْ يَتَّخِذَهَا النَّاسُ سنة

বাংলা

১১৬৫-[৭] 'আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মাগরিবের ফর্য সালাতের পূর্বে তোমরা দু' রাক্'আত নফল সালাত (সালাত/নামায/নামাজ) আদায় কর। মাগরিবের ফর্য সালাতের পূর্বে তোমরা দু' রাক্'আত নফল সালাত আদায় কর। তৃতীয়বার তিনি বলেছেন, ''যিনি ইচ্ছা করেন'' (তিনি তা পড়বেন)। বর্ণনাকারী বলেনঃ তৃতীয়বার তিনি এ কথাটি এ আশংকায় বললেন যাতে মানুষ একে সুন্নাত না করে ফেলে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারীর ১১৮৩, আবূ দাউদ ১২৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটি সূর্যান্তের পর মাগরিবের সালাতের পূর্বে দুই রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা মুস্তাহাব হওয়ার দলীল। সহাবা (সাহাবা) ও তাবি'ঈদের একদল 'আলিম এবং পরবর্তী যুগে ইমাম আহমাদ ও ইসহাক এবং আহলুল হাদীসগণ এই অভিমত গ্রহণ করেছেন। আর এটিই সঠিক। যারা বলেন, হাদীসটি মানসৃখ তথা এর হুকুম রহিত হয়ে গেছে তাদের কথার কোন দলীল নেই।

र्वं النَّاسُ سُنَّةً) यात्व पिरिक मून्नां ना मत्न करत ज्था निय़मिज मून्नां वानिरय़ ना त्नय़



এজন্য তিনি তৃতীয়বারের পর বললেন لَمَنْ شَاءَ যে ব্যক্তি ইচ্ছা করে সে যেন তা আদায় করে। এর দ্বারা মুস্তাহাব হওয়াকে রহিত করা হয়নি। কেননা এটা অসম্ভব যে, যা মুস্তাহাব নয় নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার আদেশ করবেন। বরং হাদীসটি মুস্তাহাব হওয়ার শক্তিশালী দলীল।

হানাফীগণ এ দু' রাক্'আত সালাত মুস্তাহাব না হওয়ার অভিমত পোষণ করেন। বরং তাদের মধ্যে কেউ কেউ এটাকে মাকরূহ মনে করেন। এজন্য তারা আবৃ দাউদে বর্ণিত হাদীসকে দলীল হিসেবে পেশ করেন।

তাউস থেকে বর্ণিত, তিনি বলেন, ইবনু 'উমার (রাঃ)-কে এ দুই রাক্'আত সালাত সম্পর্কে জিজ্ঞেস করা হলে জবাবে তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে আমি কাউকে এ দুই রাক্'আত সালাত আদায় করতে দেখিনি। এর সানাদ হাসান। তবে যা প্রকাশমান তা হল এটি একটি সন্দেহযুক্ত হাদীস। কেননা বুখারী, মুসলিম এবং অন্যান্য গ্রন্থে আনাস (রাঃ) এবং 'উক্ববাহ্ ইবনু 'আমির (রাঃ) থেকে বর্ণিত আছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগে তার উপস্থিতিতে সাহাবীগণ মাগরিবের আযানের পর ইক্কামাতের পূর্বে দুই রাক্'আত সালাত আদায় করতেন।

'আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ) স্বয়ং এ সালাত আদায় করতেন এবং তা আদায় করার আদেশ করতেন। আনাস, 'আবদুর রহমান ইবনু 'আওফ, উবাই ইবনু কা'ব, আবু আইয়ূব আল আনসারী, আবুদ্ দারদা, জাবির ইবনু 'আবদুল্লাহ, আবৃ মূসা আল আশ্'আরী ও আবৃ হুরায়রাহ্ (রাঃ) প্রমুখগণ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তিকালের পরও এ সালাত আদায় করতেন। অতএব তা মুস্তাহাব হওয়ার ক্ষেত্রে কোন সন্দেহ পোষণ করা যায় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন